জীবননগরে মেধাবী ছাত্রী বৃষ্টির পাশে শিকড়

জীবননগরে মেধাবী ছাত্রী বৃষ্টির লেখাপড়ার দায়িত্ব নিলেন জীবননগর সে¦চ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থা।

গত বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর থানা পাইলট সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে শিকড় সমাজ কল্যাণ সংস্থার সদস্যরা বৃষ্টিকে নিজেদের অর্থ দিয়ে বিদ্যালয়ে ভর্তি করেন। বৃষ্টি জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের শাখারিয়া গ্রামের দিনমজুর ফুলমিয়ার মেয়ে।

এ সময় উপস্থিত ছিলেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ, কোষাধ্যক্ষ হোসেন আহম্মেদ, জীবননগর শিকড় সমাজ কল্যাণ সংস্থার জীবননগর শাখার সভাপতি তুহিনুজ্জামান, সম্পাদক লাবনী, সদস্য মফিজুল ইসলাম, রমজান আলী প্রমুখ।

মেহেরপুরে জাতীয়তাবাদী তাঁতীদলের ৪১তম প্রতিষ্ঠা পালন

জাতীয়তাবাদী তাঁতীদলের ৪১তম প্রতিষ্ঠা বার্ষির্কী উপলক্ষ্যে গতকাল শুক্রবার জেলা তাঁতীদলের সভাপতি আরজুল্লা মাস্টার বাবলুর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। বক্তব্য রাখেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সহ-সভাপতি শেখ সাঈদ আহমেদ সাঈদ, জেলা বিএনপির যুগ্ম-সম্পাদক আব্দুর রহিম, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, পৌল বিএনপির যুগ্ম-সম্পাদক সাবেক কাউন্সিলর মনিরুল ইসলাম মনি, পৌর বিএনপির সহ-সভাপতি হাবিব ইকবাল, পৌর বিএনপির যুগ্ম-সম্পাদক হাফিজুর রহমান হ্যাপি, জেলা জাসসের সভাপতি মাহফুজুর রহমান অশেষ প্রমুখ।

গাংনীর গাঁড়াবাড়িয়াতে ব্রীজ নির্মাণের সপ্ন নিয়ে দিন গুনছে ১৫ গ্রামের লক্ষাধিক মানুষ

পলাশ আহম্মেদ :

মেহেরপুরের গাঁড়াবাড়িয়া-হিতিমপাড়া খেয়াঘাটে ব্রীজ না হওয়ায় ১৫টি গ্রামের লক্ষাধিক মানুষ একটি বাঁশের সেতু দিয়ে মারাত্বক ঝুঁকি নিয়ে যাতায়াত করছে। প্রয়োজনের তাগিদে স্থানীয়রাই বাঁশ খুটি দিয়ে সেতু তৈরি করে কোন রকমে যাতায়াতের ব্যবস্থা করেছে। শত বছরের খেয়া ঘাটটি মানুষ জীবনের ঝুঁকি নিয়ে চলাচল করলেও আজও সুনজর পড়েনি এলজিইডি কর্তৃপক্ষের। ফলে দুটি উপজেলার (সদর ও গাংনী) মানুষের সেতু বন্ধন অধরাই রয়ে গেছে।

গাঁড়াবাড়িয়া-হিতিমপাড়া বাঁশের সেতটিু দিয়ে দুটি উপজেলার (সদর ও গাংনী) ১৫টি গ্রামের লক্ষাধিক মানুষ জীবনের ঝুঁকি নিয়ে পারাপার করে থাকে। সেতুটির পশ্চিম পাশের অন্তত ১০ টি গ্রামের মানুষকে নিত্যদিন তাদের কৃষি পণ্য বিপনন, চিকিৎসা ও শিক্ষার্থীদের স্কুল কলেজে যেতে হয় পূর্ব দিকের গাঁড়াবাড়িয়া গ্রামে। পূর্ব দিকেরও ৫টি গ্রামের মানুষকে নানা কাজে যাতায়াত করতে হয় নদীর অপর দিকের গ্রামগুলোতে। এ বছর ভারি বর্ষনে বাঁশের সেতুটি পানির নিচে তলিয়ে গিয়েছিল। যার ফলে দীর্ঘ বাঁশের সেতুটি এখন দুর্বল কাঠামোর উপর দাঁড়িয়ে আছে। তার পরেও মানুষ জীবনের ঝুঁকি নিয়ে অতি প্রয়োজনে সেতটিু দিয়ে পারাপার করছে। সেতুটি ভেঙ্গে গিয়ে যে কোন সময় মারাত্বক দুর্ঘটনা ঘটতে পারে এমন আশংকা এলাকাবাসির।

কুতুবপুর স্কুল এন্ড কলেজের শিক্ষক আক্তারুজ্জামান লাভলু বলেন, মেহেরপুর শহর থেকে উত্তরাঞ্চলের সেতু গুলোর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ ও ব্যস্ততম সেতু হচ্ছে গাঁড়াবাড়িয়া- হিতিমপাড়া সেতু। ভৈরব নদী খননের পর ওই সেতুর আশ পাশে কম গুরুত্বপূর্ণ এলাকায় চারটি ব্রীজ নির্মাণ করা হলেও গাঁড়াবাড়িয়া-হিতিমপাড়া সেতুটি আজও নির্মাণ করা হয়নি। এলজিইডি থেকে বার বার আশ্বাস দিলেও

সেতুটি বাস্তবায়নে এগিয়ে আসেনি কেউ ।

বাঁশের সেতু দিয়ে যাতায়াতকারী শিক্ষার্থীরা জানান, ব্রীজ না থাকায় বাঁশের সাঁকো দিয়ে ঝুঁকি নিয়ে যাতায়াত করতে হয়। বর্ষার সময় সাঁকো ডুবে গেলে অনেক দুরের রাস্তা কাথুলী ব্রীজ দিয়ে স্কুল কলেজে যেতে হয়। তাতে খরচ বেশি হওয়া সহ পড়াশুনা মারাত্বকভাবে বিঘ্নিত হয়।

কুতুবপুর স্কুল এন্ড কলেজের প্রভাষক রেজাউর রহমান বলেন, দুই উপজেলার দু’টি ইউনিয়নের ১৫ গ্রামের ছেলে-মেয়েদের উচ্চশিক্ষার জন্য এই ব্রীজ দিয়ে যাতায়াত করতে হয়। অথচ কম গুরুত্বপূর্ণ এলাকায় ব্রীজ হলেও এই ব্রীজ টি আজও হলো না।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ সম্পাদক ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা বলেন, শত বছরের পুরাতন এই খেয়া ঘাটটিতে আজও ব্রীজ নির্মাণ করা হয়নি। ব্রীজটি নির্মাণ হলে দুই উপজেলার ১৫ টি গ্রামের মানুষ এর সুফল ভোগ করবে। ব্রীজটি দ্রুত নির্মাণের দাবি করে তিনি বলেন এঅঞ্চলের মানুষের দীর্ঘদিনের প্রাণের দাবি ব্রীজ নির্মাণের। ব্রীজটি নির্মিত হলে শিক্ষার পাশাপাশি অর্থনেতিক উন্নয়ন হওয়ার পাশাপাশি জনগণের দুর্ভোগ কমবে।

মেহেরপুরের এলজিইডি নির্বাহী প্রকৌশলী মোঃ আসাদুজ্জামান বলেন, গাঁড়াবাড়িয়া-হিতিমপাড়া ব্রীজ নির্মাণে প্রপোজাল পাঠানো হয়েছিল। তবে ত্রুটিযুক্ত হওয়ায় তা ফিরে এসেছে। আমরা আবার সংশোধন করে প্রপোজালটি পাঠিয়ে দিব।

হালকা বৃষ্টিতে মরণফাঁদ হয়ে ওঠে গাংনীর পাকা সড়ক

মেহেরপুর গাংনী উপজেলার বিভিন্ন গ্রামগঞ্জ ছড়াও মেহেরপুর-কুষ্টিয়া সড়ক হয়ে উঠেছে মরণফাঁদ। অবৈধ ইট ভাটার মাটিতে গাংনী উপজেলার কোন রাস্তা নেই চলার মত। হালকা বৃষ্টিতে ঘটতে পারে বড়

জমে উঠেছে নির্বাচনী প্রচারণা, লড়াই হবে ধানের শীষ ও নৌকা প্রার্থীর

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভা নির্বাচন জমে উঠেছে। পৌরসভার ৯টি ওয়ার্ডে বিভিন্ন প্রার্থীর পোস্টার, ব্যানার, ফেস্টুনে ছেয়ে গেছে পুরো শহর। বিভিন্ন গানের সুর ও ছন্দ মিলিয়ে মেয়র, কাউন্সিলর প্রার্থীদের পক্ষে মন মাতানো প্রচারে এখন তুঙ্গে কালীগঞ্জ পৌর নির্বাচনী এলাকার ওয়ার্ডগুলো।

৫ম ধাপের পৌরসভা নির্বাচনে আগামী ২৮ই ফেব্রুয়ারি ইভিএম পদ্ধতিতে প্রথম ভোটগ্রহণ হবে। প্রার্থীরা দিনে রাতে ভোটারদের বাড়ি বাড়ি প্রচারণা চালাচ্ছেন। প্রার্থীরা ভোটারদের কেন্দ্রে উপস্থিত করার জন্য বিভিন্ন উৎসাহ দিয়ে আসছেন। এদিকে মেয়র পদে ৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মো. আশরাফুল আলম (আশরাফ) নৌকা প্রতীকে, বিএনপি সমর্থিত প্রার্থী সাবেক মেয়র মাহবুবার রহমান ধানের শীষ প্রতীকে, এনামুল হক ইমান নারিকেলগাছ প্রতীকে, মোঃ নূরুল ইসলাম হাতপাখা প্রতীকে ভোট যুদ্ধে অংশ গ্রহণ করছেন। কাকডাকা ভোর হতে গভীর রাত পর্যন্ত প্রতিশ্রুতির ফুলঝুড়ি দিয়ে মন জয় করতে ভোটারদের দারে দারে ঘুরছেন প্রার্থীরা। দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত মাইকের শব্দে প্রকম্পিত নির্বাচনী মাঠ। প্রচারে মহিলা টিম, পুরুষ টিমসহ বিভিন্ন কৌশলে দিনে রাতে ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে ভোটের জন্য বিরতিহীনভাবে কাকুতি-মিনতি করে ভোট চাচ্ছেন প্রার্থী ও কর্মীরা।

প্রচারণায় সকলে সমানভাবে সুযোগ পাচ্ছে। কোনো বাঁধা কেউ কাউকে দিচ্ছে না। আওয়ামী লীগ সমর্থিত প্রার্থী নির্বাচনী পথসভা করলেও বিএনপি কিংবা স্বতন্ত্র প্রার্থীর পথসভা খুব একটা চোখে পড়ার মতো নয় তবে বিএনপি সমর্থিত প্রার্থী মাহবুবার রহমান গণসংযোগ শুরু করেছেন । কালীগঞ্জ পৌর সভার ৩নং ওয়ার্ডের বাসিন্দা রিপন

হোসেন বলেন, প্রথমবার ইভিএম পদ্ধতিতে যোগ্য প্রার্থীকে ভোট দিব । ১নং ওয়ার্ডের বাসিন্দা জুয়েল রানা বলেন, আমরা যোগ্য প্রার্থীকে ভোট দিব যে আমাদের উন্নয়ন করবে। ২নং ওয়ার্ড প্রবীণ বাসিন্দা পরিতোষ বাবু বলেন, লড়াই হবে নৌকা ধানেরশীষ প্রার্থী মধ্যে ।

আঃ লীগ প্রার্থী আশরাফুল আলম বলেন, পাচ বছরে কালীগঞ্জ পৌরসভা ব্যাপক উন্নয়ন হয়েছে, পৌরবাসী নৌকা মাকার্য় ভোট দিয়ে আমাকে জয়যুক্ত করবেন। বিএনপি প্রার্থী মাহবুবার রহমান বলেন, অবাধ সুষ্ঠ ভোট হলে ধানেরশীষ বিপুল ভোটে জয়লাভ করবে। কালীগঞ্জ নির্বাচন অফিস সূত্রে জানাগেছে, মেয়রপদে ৪ জন, পুরুষ কাউন্সিলর পদে ৪৫ জন, মহিলা কাউন্সিলর পদে ৯ জন অংশ গ্রহণ করছেন।

ইতোমধ্যে ৫নং ওয়ার্ডে মনিরুজ্জামান রিংকু ও মহিলা কাউন্সিলর পদে বিনা বেগম বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়লাভ করেছেন। কালীগঞ্জ উপজেলা নির্বাচন কর্মকর্তা আলমগীর হোসেন বলেন, ৪০ হাজার ৫শত ৭৭ জন ভোটার ইভিএম পদ্ধতিতে প্রথম ভোট প্রদান করবেন। কালীগঞ্জ উপজেলা রিটারিং অফিসার সুবর্না রানী সাহা বলেন, অবাধ নিরপেক্ষ সুষ্ঠ ভোট গ্রহণ সম্পন্ন করার জন্য মোবাইলকোর্ট ও স্ট্রাইকিংফোর্স নিযুক্ত থাকবে।

মুজিবনগরে মোটরসাইকেল চোর আটক

মেহেরপুরের মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স গেট থেকে মোটরসাইকেল চুরি করে পালানো সময় আকাশ (১৯) নামে এক চোরকে আটক করেছে গাড়ির মালিকসহ সাধারণ জনগণ।
গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৩ টার দিকে গাড়িটি চুরি হয়। জানা গেছে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স গেটের পাশ ব্যবসা করেন ভবেরপাড়া গ্রামের ফজুল মল্লিক এর ছেলে মিহিদুল (৩০) ঘটনার সময় তিনি দোকানের পাশে তার লাল রঙের টিভিএস এপাচি আর টি আর গাড়ি টি রেখে ব্যবস্যার কাজে ব্যস্ত হয়ে পড়েন। এই সুযোগে একটি গাড়ি চোর

চক্র গাড়ির লক ভেঙ্গে গাড়িটি নিয়ে পালিয়ে যায় গাড়ির মালিক মিহিদুল টের পেয়ে সোনাপুর গ্রামের ইউনুচ আলীর ছেলে মিনারুল ও ভবেরপাড়া গ্রামের আব্দুর রহমানের ছেলে তুফানকে নিয়ে পিছনে ধাওয়া করে। গাড়িতে তেল কম থাকা এবং রতনপুর আটকবর রোডে মেহেরপুর ট্রাফিক পুলিশের চেকপোস্ট বসার কারণে চোর গাড়িটি নিয়ে রতনপুর পুলিশ ফাঁড়ির পাশ দিয়ে তারানগরের দিকে পালিয়ে যাওয়ার সময় ধাওয়াকারীদের সামনে পড়ে। ধাওয়াকারীরা গাড়ি চোর গাড়ি চোর বলে চিৎকার দিলে চোর গাড়ি নিয়ে রতনপুর খাল পাড়ার রাস্তায় ঢুকে পড়ে। এরপর মোড়ের চায়ের দোকানে বসে থাকা লোকজনও ধাওয়া করলে চোর মোটরসাইকেল ফেলে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে গাড়ির মালিক মিহিদুলসহ স্থানীয় লোক জন আকাশ (১৯) নামের এক চোরকে আটক করে রতনপুর পুলিশ ফাঁড়িতে সোপর্দ করে। আটককৃত গাড়ি চোর চুয়াডাঙ্গা জেলার ডিঙ্গেদাহ বাজারের আহসান হাবিবের ছেলে।
শেষ খবর পাওয়া পর্যন্ত রতনপুর আইসি পুলিশ ক্যাম্প থেকে মুজিবনগর থানায় হস্তান্তর করার প্রক্রিয়া চলছে।

মারামারি মামলায় ইউনিয়ন যুবলীগের সভাপতি খালেক কারাগারে

মারামারি মামলায় মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেক কে জেল হাজতে প্রেরণ করেছে আদালত। খালেক গত বৃহস্পতিবার মেহেরপুর ১ম শ্রেনীর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির হয়ে জামিন আবেদন করলে আবেদন নামঞ্জুর করে জেল হাজতে প্রেরণের আদেশ দেন ম্যাজিস্ট্রেট তরিকুল ইসলাম।

আব্দুল খালেক মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের দুর্লব মালিথার ছেলে। খালেক মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি হিসেবে দায়িত্বে আছেন।

মামলার বিবরণে জানা যায়, গত জানুয়ারি মাসের ১ তারিখে মোনাখালি বাজার সংলগ্ন একটি দোকান ভাড়া নেওয়াকে কেন্দ্র করে স্থানীয়

মনিরুজ্জামান জুয়েল নামের এক ব্যাক্তির সাথে মারামারির ঘটনা ঘটে।

এ ঘটনায় আব্দুল খালেকসহ ৬ জনের বিরুদ্ধে জুয়েল বাদি হয়ে মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করেন। যার নাম্বার ১২। মামলার অন্য আসামীরা জামিনে মুক্ত থাকলেও খালেক এখন কারাগারে। বিষয়টি নিশ্চিত করেন মামলার তদন্ত কর্মকর্তা মুজিবনগর থানার এস আই বাবলু মিয়া।

মেপ্র/এমএফআর

গাংনীতে পানিতে ডুবে প্রতিবন্ধীর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পুকুরের পানিতে ডুবে ঝরনা খাতুন (২৭) নামের এক মানসিক প্রতিবন্ধীর মৃত্যু হয়েছে।
শুক্রবার সকাল ১০ টায় উপজেলার ষোলটাকা ইউপির চেংগাড়া পূর্বপাড়ার আসমা খাতুনের পুকুর থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। ঝরনা খাতুন চেংগাড়া গ্রামের আনারুল ইসলামের মেয়ে।
স্থানীয়রা জানান,ঝরনা খাতুনের মরদেহ পুকুরে ভাষতে দেখে উদ্ধার করে গাংনী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। ধারনা করা হচ্ছে পুকুরপাড় দিয়ে যাওয়ার সময় আকস্মিক ভাবে পড়ে যায়। পরে পুকুরের পানিতে ডুবে তার মৃত্যু হয়। ঝরনা খাতুন মানসিক ও বাক প্রতিবন্ধী ছিলেন বলে জানিয়েছেন তার পরিবারের সদস্যরা।
গাংনী হাসপাতালের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক (নামপ্রকাশে অনিচ্ছুক) জানান,ঝরনা খাতুনকে হাসপাতালে নেওয়ার পূবেই মারা গেছে। ইসিজি রিপোর্ট দেখে মৃত্যু’র বিষয়টি নিশ্চিত হয়েছি।

দর্শনায় বিকাশ ও ক্যারিয়ার ডেভেলপমেন্ট বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় কিশোর কিশোরীদের নেত্রীত্ব বিকাশ ও ক্যারিয়ার ডেভেলপমেন্ট বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০টা থেকে দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করে পরানপুর কিশোর-কিশোরী ক্লাব ও ওয়েভ ফাউন্ডেশন।

দর্শনা পৌরসভা এলাকার পরানপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। কিশোর কিশোরীদের নেত্রীত্ব বিকাশ ও ক্যারিয়ার ডেভেলপমেন্ট বিষয়ক প্রশিক্ষণে পুষ্টিকর খাবার সর্ম্পকে কিশোর কিশোরীদের ধারণা প্রদান করা হয়।

এ অনুষ্ঠানের নেত্রীত্ব স্থানীয় ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপির সিনিয়ার সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট, আঞ্জুমান আরা, সাংবাদিক আওয়াল হোসেন।

এছাড়া কিশোর-কিশোরী ক্লাবের সভাপতি রিফাত ইসতিয়াক ও রাসেল হায়দারসহ ৩০ জন কিশোর-কিশোরী। প্রশিক্ষণ পরিচালনা করেন পিংকি মন্ডল।

ন্যাশনাল প্রোডাকটিভিটি অ্যাওয়ার্ড পাওযায় কেরু’জ এমডিকে ফুলেল শুভেচ্ছা

ন্যাশনাল প্রোডাকটিভিটি অ্যাওয়ার্ড পেয়েছে কেরুজ চিনিকল। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) আয়োজিত “ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এবং ইনস্টিটিউশনাল এপ্রিসিয়শেন

অ্যাওয়ার্ড ২০১৯ ট্রফি ও সনদ প্রদান করা হয়েছে।

দেশের ৩১ শিল্প কারখানার মধ্যে কেরুজ চিনিকল ২য় স্থান অধিকার করেছে। ফলে ২য় অ্যাওয়ার্ড গ্রহণ করেছেন কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবু সাঈদ। চিনি শিল্পে রাষ্ট্রয়াত্ব অ্যাওয়ার্ড পাওয়ায় দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে মিলের ব্যবস্থাপনা পরিচালক ও দর্শনা প্রেস ক্লাবের পৃষ্টপোষক মোঃ আবু সাঈদকে ফুলেল শুভেচ্ছা দেয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে তার কার্যালয়ে এ শুভেচ্ছা দেন সাংবাদিক নেতৃবৃন্দ।

এ সময় উপস্থিত ছিলেন, মিলের মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রেস ক্লাবের উপদেষ্টা শেখ শাহাব উদ্দীন, মহাব্যবস্থাপক (কৃষি) গিয়াসউদ্দিন, মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) ফিদাহ হাসান বাদশা, উপ-ব্যবস্থাপক আবুল ফাত্তাহ, উপ-ব্যবস্থাপক (অর্থ) জাকারিয়া, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রণি, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন প্রমুখ।